

তারিখ ... 28 SEP 2012 ...
পৃষ্ঠা: ২

এইচএসসি এসএসসি জেএসসি

গণিত পরীক্ষাও

সৃজনশীল পদ্ধতিতে

নিম্নের বার্তা পরিবেশক

উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও জুনিয়র স্কুল সার্টিফিকেটে (জেএসসি) গণিত বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্নে হবে। এর মধ্যে ২০১৪ সালের জেএসসি ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় গণিত বিষয়ে সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর ২০১৫ সালের এসএসসি ও সমমানের মাদ্রাসার দাখিল পরীক্ষায় গণিত ও উচ্চতর গণিত বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্নপত্রের অনুষ্ঠিত হবে।

এছাড়া ২০১৭ সালের এইচএসসি ও আলিম পরীক্ষায় উচ্চতর গণিত বিষয়ে সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। সৃজনশীল পদ্ধতিতে ৬০ নম্বরের সৃজনশীল (কাঠামো) এবং ৪০ নম্বরের বহু নির্বাচনী প্রশ্ন করা হবে।
গণিত : পৃষ্ঠা: ১৫ ত : ৩

গণিত : পরীক্ষাও

(১ম পৃষ্ঠার পর)

এ সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর স্বাক্ষরে গতকাল এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।
প্রসঙ্গত, ২০১০ সাল হতে পর্যায়ক্রমে ২০১২ সাল পর্যন্ত অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় নির্ধারিত ২৩ বিষয়ের মধ্যে গণিত ও উচ্চতর গণিত ব্যতীত সব বিষয়ে সৃজনশীল প্রশ্নপদ্ধতি চালু প্রবর্তিত হয়েছে। অন্যদিকে এইচএসসিতে ২০১৪ সাল থেকে উচ্চতর গণিতসহ ১৩টি বিষয় সৃজনশীল প্রশ্নের আওতায় এল। এছাড়া বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম পত্র, ইংরেজি দ্বিতীয় পত্র ও গণিত ছাড়া জেএসসি-জেডিসির অন্য বিষয়ের পরীক্ষা এতদিন সৃজনশীল প্রশ্নে নেয়া হতো।